মেহেরপুর প্রতিদিন পত্রিকার ‘কুষ্টিয়া ব্যুরো’ অফিস উদ্বোধন

মেহেরপুর প্রতিদিন পত্রিকার কুষ্টিয়া ব্যুরো অফিস উদ্বোধন হয়েছে।

শনিবার বিকালে শহরের পাঁচ রাস্তা মোড়ে তমিজউদদীন সুপার মার্কেটের দোতলায় সামাজিক দুরত্ব বজায় রেখে এক সংক্ষিপ্ত আলোচনা সভা শেষে ফিতা কেটে ব্যুরো অফিস উদ্বোধন করেন লেখক ও গবেষক ড. আমানুর আমান।

এসময় তিনি বলেন, সংবাদপত্র হচ্ছে সমাজের দর্পন। সমাজ উন্নয়নে সংবাদপত্র এবং সাংবাদিকতার গুরুত্ব অপরিসীম।

তিনি বলেন, স্থানীয় কিংবা জাতীয় পত্রিকার মতো দৈনিক মেহেরপুর প্রতিদিন আঞ্চলিক বিভিন্ন সংকট, সমস্যা এবং সম্ভাবনা নিয়ে বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশনের মাধ্যমে সাহসী ভূমিকা রাখবে বলে আমি বিশ্বাস করি। মেহেরপুরের মতো ছোট এক জেলা থেকে পত্রিকা প্রকাশ এবং তা পাশ্ববর্তী জেলায় প্রচার প্রচারনার সত্যি আনন্দের বিষয় বলেও উল্লেখ করেন তিনি।

তিনি আরও বলেন, কুষ্টিয়ার তরুণ সাংবাদিক এসএম জামালকে পত্রিকাটির দায়িত্ব দেওয়ায় তার মাধ্যমে এই কুষ্টিয়ার উন্নয়ন ও সম্ভাবনার চিত্র তুলে ধরতে সহায়ক ভুমিকা পালন করবে। আজকের এই শুভ দিনে সৃজনশীল সংবাদ পরিবেশনের ক্ষেত্রে দৈনিক মেহেরপুর প্রতিদিন কলেবর আরো বৃদ্ধি এবং উত্তরোত্তর উন্নতি কামনা করে এই অফিসের শুভ উদ্বোধন ঘোষণা করছি।

এসময় মেহেরপুর প্রতিদিন পত্রিকার সম্পাদক ইয়াদুল মোমিন, যুগ্ম সম্পাদক আল-আমিন, ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু, চীফ রিপোর্টার মুর্তজা ফারুক রুপক, মেহেরপুর প্রতিদিন পত্রিকার কুষ্টিয়া ব্যুরো প্রধান এসএম জামাল সংক্ষিপ্ত বক্তব্য রাখেন।

মেহেরপুর প্রতিদিন পত্রিকার সম্পাদক ইয়াদুল মোমিন বলেন, তিন বছরে পা দিয়েছে মেহেরপুর প্রতিদিন পত্রিকা। এটি মেহেরপুর,

চুয়াডাঙ্গা, ঝিনাইদহে ব্যাপক প্রচার প্রচারনা রয়েছে। এই কুষ্টিয়া ব্যুরো অফিস উদ্বোধনের মধ্য দিয়ে এ জেলার উন্নয়ন ও সম্ভাবনার কথা তুলে ধরে পাঠক প্রিয়তা পাবে বলে আমি বিশ্বাস করি।

তিনি আরও বলেন, বৈশ্বিক করোনা মহামারীতেও যখন প্রিন্ট পত্রিকার প্রকাশনা বন্ধ সেখানে প্রতিদিন এ পত্রিকাটি প্রকাশিত হয়ে আসছে। এই পত্রিকার মাধ্যমে গ্রেটার কুষ্টিয়াকে তুলে ধরতে চাই বিশ্বের দরবারে।

পত্রিকার ব্যাবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু বলেন, আঞ্চলিক পত্রিকার গুরুত্ব ব্যাপক। এসব আঞ্চলিক পত্রিকা অঞ্চল ভেদে সংবাদের গুরুত্ব তুলে ধরে থাকে। আঞ্চলিক কাগজের আলাদা একটি বৈশিষ্ট্য আছে। তাই সকলের সহযোগিতায় এই মেহেরপুর প্রতিদিন পত্রিকা আঞ্চলিক পত্রিকার স্বীকৃতি পাবো এমনটাই আশাবাদ ব্যক্ত করেন।

অনুষ্ঠানে প্রধান সমন্বয়ক এস এম জামাল বলেন, সাংবাদিকতার পথিকৃৎ কাঙ্গাল হরিনাথ মজুমদার এই কুষ্টিয়া তথা কুমারখালিতে জন্মগ্রহন করেছেন। গ্রাম বার্তা প্রকাশিকার মধ্য দিয়ে তিনি সমাজের নির্যাতিত নিপীড়িত মানুষের কথা তুলে ধরেছেন। তাঁর হাত ধরেই এই কুষ্টিয়া জেলা সাংবাদিকতার উর্বরভুমি হিসেবেও পরিচিতি লাভ করেছে।

এ জেলা থেকে সাপ্তাহিক, পাক্ষিক ও দৈনিক মিলিয়ে প্রায় ৫৬ টি পত্রিকা প্রকাশ হয়ে আসছে। পত্রিকার এই ভীড়ে মেহেরপুর প্রতিদিন পত্রিকার এই কুষ্টিয়া ব্যুরো অফিস আমাদের পত্রিকার নতুন মাইল ফলক হিসেবে কাজ করবে। তাই কুষ্টিয়ার উন্নয়ন ও সম্ভাবনার কথা তুলে ধরে মেহেরপুর প্রতিদিন পত্রিকাকে সামনের দিকে এগিয়ে নিয়ে যেতে সকলের সহযোগিতা কামনা করেন।

এসময় প্রতিদিনের সংবাদের কুষ্টিয়া প্রতিনিধি রবিউল ইসলাম ইভান, আন্দোলনের বাজার পত্রিকার ভেড়ামারা প্রতিনিধি আবু ওবাইদা আল মাহাদী, ক্যামেরাপারসন রাশেদ উপস্থিত ছিলেন।